গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ২৬ আগস্ট ২০২০ |
| সভার সময় | বিকাল ৩.০০ টা |
| স্থান | Zoom Application এর ভিডিও কনফারেন্স |
| উপস্থিতি | Zoom Application এর ভিডিও কনফারেন্স এর উপস্থিতি |

সভাপতি ভিডিও কনফারেন্সে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় জানানো হয় যে, বিভাগীয় কমিটির সভা প্রতি দুই মাস অন্তর হওয়ার নিয়ম থাকলেও করোনা পরিস্থিতির কারণে ফেব্রুয়ারি ২০২০ মাসের পর সভা অনুষ্ঠিত হয়নি। সভায় গত ১৭.০২.২০২০ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ় করা হয়।

২। অতঃপর সভায় বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি দাপ্তরিক ফোন নম্বর, দাপ্তরিক ই-মেইল প্রদর্শন এবং ওয়েবসাইটে আপলোডকরণ ও সকল বিভাগীয় অফিস থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহের বিষয়ে আলোচনা হয়। | (ক) প্রত্যেক দপ্তরের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর স্ব-স্ব দপ্তরের সামনে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(খ) স্ব-স্ব দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, দাপ্তরিক ফোন ও ই-মেইল নম্বর ওয়েব সাইটে আপলোড করে এ সংক্রান্ত তথ্য বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণের জন্য বিভাগীয় দপ্তর সমূহকে পত্র দিতে হবে।<br>(গ) জেলা ও উপজেলা পর্যায়ে বিষয়টি নিশ্চিত করার জন্য জেলা ও উপজেলা কমিটির সভাপতিগণকে পত্র দিতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০২. কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন প্রশিক্ষণ: দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বিষয়ক অনলাইন প্রশিক্ষণ গ্রহণ এবং অনলাইন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য সংগ্রহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) বিভাগীয় দপ্তরসমূহের তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের "তথ্য অধিকার বিষয়ক" অনলাইন প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করতে হবে।<br>(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য বিভাগীয় দপ্তরসমূহকে পত্র প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৩. তথ্য অধিকার বিষয়ক পুরস্কার: তথ্য অধিকার বিষয়ক পরুস্কার প্রদানের বিষয় আলোচিত হয়। সভায় জানানো হয় যে, তথ্য অধিকার দিবস উপলক্ষ্যে তিনটি ক্যাটাগরিতে যথা ১. দপ্তর, ২. তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং ৩. তথ্য অধিকার বিষয়ক আবেক্ষণ ও মনিটরিং কমিটিকে তিনটি পর্যায় যথা উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে পুরস্কার প্রদান করা হবে। পুরস্কার প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাব প্রেরণের জন্য বিভাগীয় দপ্তরসমূহকে ইতিপূর্বে পত্র দেয়া হয়েছে। | তথ্য অধিকার বিষয়ক পুরস্কার প্রাপ্তিযোগ্য প্রস্তাব থাকলে তা আগামী ৩/৯/২০২০খ্রি: তারিখের মধ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৪. সরকারি সেবা সংশ্লিষ্ট ৩৩৩ ও ৯৯৯ টেলিফোন নম্বর প্রচার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩৩৩ ও ৯৯৯ এর ব্যাপক প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নিজ নিজ ওয়েব সাইটে তা সন্নিবেশ করতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৫. তথ্য অধিকার বিষয়ক প্রচারণা: সভায় জানানো হয় যে, জনগণের অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। উক্ত আইন মতে তথ্য পেতে বিড়ম্বনা বা হয়রানির ঘটনা ঘটছে কিনা সে বিষয়ে কমিটির সদস্যদের সতর্ক থাকার বিষয় আলোচিত হয়। | তথ্য অধিকার আইন মতে তথ্য সরবরাহে ব্যত্যয় ঘটলে সে সম্পর্কিত তথ্য বিভাগ/জেলা/উপজেলা কমিটিকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৮.০০১.১৫.৫৩৫

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৭
০৮ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব , সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

২) তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি, সিলেট এর সদস্যবৃন্দ।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার